

PRINT

সমকালে

এআইইউবি ক্যাম্পাসে মন্দির উদ্বোধন

১১ ঘন্টা আগে



আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশ (এআইইউবি) ক্যাম্পাসে সম্প্রতি একটি মন্দির উদ্বোধন করা হয়েছে। বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা মন্দিরটির উদ্বোধন করেন।

হাইকমিশনারের সঙ্গে এ সময় ভারতীয় হাইকমিশনের একটি প্রতিনিধি দলও উপস্থিত ছিল। তাদের স্বাগত জানান
এআইইউবির উপাচার্য ড. কারমেন জেড ল্যামাগনা। এ সময় আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও
ভাইস প্রেসিডেন্ট ড. হাসানুল এ. হাসান, নাদিয়া আনোয়ারসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় পরিচালক ও
কর্মকর্তাবৃন্দ।

মন্দির উদ্বোধনের পর সেখানে প্রার্থনার আয়োজন করা হয়। পরে হাইকমিশনের প্রতিনিধি দলটি বিশ্ববিদ্যালয়ের আধুনিক বিজ্ঞান ও প্রকৌশলী ল্যাবরেটরি, আন্তর্জাতিক মানের ক্লাসরুম এবং নবনির্মিত আধুনিক লাইব্রেরি ভবন পরিদর্শন করেন। এ সময় শিক্ষার্থীদের গবেষণা ও শিক্ষার মানোন্নয়নে উল্লেখযোগ্য সংখ্যক বই উপাচার্যের হাতে তুলে দেন হ্রস্ববর্ধন শ্রিংলা। -সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: info@samakal.com